# রিয়াযুস স্বা-লিহীন (রিয়াদুস সালেহীন)

হাদিস নাম্বারঃ ৯৫১ [আন্তর্জাতিক নাম্বারঃ ৯৪৪]

৬/ রোগীদর্শন ও জানাযায় অংশগ্রহণ (كتاب عيادة المريض وتشييع الميت والصلاة عليه وحضور دفنه المكث عند قبره بعد دفنه)

পরিচ্ছেদঃ ১৫৯: মৃতের ঋণ পরিশোধ করা এবং তার কাফন-দাফনের কাজে শীঘ্রতা করা প্রসঙ্গে। কিন্তু হঠাৎ মৃত্যুর ব্যাপারে নিশ্চিত হওয়া পর্যন্ত বিলম্ব করা কর্তব্য

159 بَابُ تَعْجِيْلِ قَضَاءِ الدَّيْنِ عَنِ الْمَيِّتِ وَالْمُبَادَرَةِ إِلٰى تَجْهِيْزِهِ إِلَّا أَنْ يَّمُوْتَ فُجَأَةً فَيُتْرَكُ حَتّٰى يُتَيَقَّنُ مَوْتُهُ

আরবী

عن حُصَيْنِ بن وحْوَحٍ رضي الله عنه أَنْ طَلْحَةَ بنَ الْبُرَاءِ بن عازب رضِيِ اللهُ عنْهما مَرِض، فَأَتَاهُ النَّبيُّ صلى الله عليه وسلم يَعُودُهُ فَقَالَ: «إنّي لا أُرَى طَلْحةَ إلاَّ قدْ حَدَثَ فِيهِ المَوْتُ فَآذِنُوني بِهِ وَعَجِّلُوا بِهِ، فَإنَّهُ لا يَنْبَغِي لجِيفَةِ مُسْلِمٍ أنْ تُحْبَسَ بَيْنَ ظَهْرَانَيْ أَهْلِهِ » . رواه أبو داود .

বাংলা

২/৯৫১। হুসাইন ইবনু ওয়াহ্‌ওয়াহ রাদিয়াল্লাহু ’আনহু হতে বর্ণিত, ত্বালহা ইবনুল বারা রাদিয়াল্লাহু ’আনহু রোগগ্রস্ত হয়ে পড়লে নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁকে দেখতে গেলেন। তিনি বললেনঃ ত্বালহার মৃত্যুর সময় ঘনিয়ে এসেছে, তার বিষয়ে এছাড়া আমি আর কিছুই চিন্তা করি না। আমাকে তার মৃত্যুর খবর জানাবে। আর তার দাফন-কাফনের কাজ দ্রুত সমাধা করবে। কারণ, মুসলিমের লাশ তার পরিবারবর্গের নিকট আটকে রাখা উচিত নয়। (আবূ দাউদ)[1]

## English

(159) Chapter: About Speedy Repayment of the Debts of a Deceased Person and Preparation of Burial

Hussain bin Wahwah (May Allah be pleased with him) reported:
When Talhah bin Al-Bara' (May Allah be pleased with him) fell ill, the Prophet (ﷺ) came to visit him and said, "Verily, I think that Talhah is about to die. So inform me when he is dead and make haste (in burying him). Indeed, it is improper for the corpse of a Muslim to be kept lying unburied among his

family members."

[Abu Dawud].

Commentary: This Hadith tells us that a delay in the burial of a dead person will be considered ill-advised if not supported by solid reasons or a Shari`ah argument.

ফুটনোট

[1] আমি (আলবানী) বলছিঃ এর সনদটি দুর্বল যেমনটি ‘‘আহকামুল জানায়েয’’ গ্রন্থে (পৃ ১৩-১৪) এবং ‘‘য‘ঈফাহ্’’ গ্রন্থে (৩২৩২) আলোচনা করেছি। এ সনদটি অন্ধকারাচ্ছন্ন। হুসাইন ইবনু অহ্অহ্ এর নিচের বর্ণনাকারীদেরকে চেনা যায় না। হাফিয ইবনু হাজার ‘‘উরওয়া ইবনু সা‘ঈদ আনসারী এবং তার পিতা সম্পর্কে বলেনঃ তারা উভয়েই মাজহূল (অপরিচিত)। আর সা‘ঈদ ইবনু উসমান বালাওয়ী হচ্ছেন মাকবূল (গ্রহণযোগ্য) (অর্থাৎ মুতাবা‘য়াত পাওয়া যাওয়ার শর্তে)। এ ছাড়াও বালাওয়ী থেকে ঈসা ইবনু ইউনুস ছাড়া কেউ বর্ণনা করেননি। আর ইবনু হিববান ছাড়া অন্য কেউ তাকে নির্ভরযোগ্যও আখ্যা দেননি। [দেখুন ‘‘য‘ঈফাহ্’’ (৩২৩২), আবূ দাউদ ৩১৫৯।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন  বর্ণনাকারীঃ হুসাইন ইবনু ওয়াহ্ওয়াহ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=23984

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন